# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৪০

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৬. শুস্ক ও ভিজা বীর্য থেকে পবিত্রতা অর্জন এবং তার বিধান সম্পর্কে

بَابُ مَا وَرَدَ فِي طَهَارَةِ الْمَنِيِّ وَحُكْمِهِ رَطْبًا وَيَابِسًا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا إِبْرَاهِيمُ بْنُ إِسْحَاقَ الْحَرْبِيُّ ، نَا سَعِيدُ بْنُ يَحْيَى بْنِ الْأَزْهَرِ ، نَا إِسْحَاقُ بْنُ يُوسُفَ الْأَزْرَقُ ، نَا شَرِيكٌ ، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ ، عَنْ عَطَاءٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ، قَالَ : سُئِلَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ عَنِ الْمَنِيِّ يُصِيبُ الثَّوْبَ ؟ قَالَ " إِنَّمَا هُوَ بِمَنْزِلَةِ الْمُخَاطِ وَالْبُزَاقِ ، وَإِنَّمَا يَكْفِيكَ أَنْ تَمْسَحَهُ بِخِرْقَةٍ أَوْ بِإِذْخِرَةٍ " . لَمْ يَرْفَعْهُ غَيْرُ إِسْحَاقَ الْأَزْرَقِ ، عَنْ شَرِيكٍ ، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ ـ هُوَ ابْنُ أَبِي لَيْلَى ـ ثِقَةٌ ، فِي حِفْظِهِ شَيْءٌ

বাংলা

৪৪০(১). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট কাপড়ে লেগে যাওয়া বীর্য সম্পর্কে জিজ্ঞেস করা হলো। তিনি বলেনঃ তা (বীর্য) নাকের সর্দি ও থুথুবৎ। তুমি বস্ত্রখণ্ড অথবা ইযখির ঘাস দিয়ে তা ঘষে ফেলো। এটাই তোমার জন্য যথেষ্ট। ইসহাক আল-আযরাক ব্যতীত অপর কেউ শারীক-মুহাম্মাদ ইবনে আবদুর রহমান সূত্রে এই হাদীস মারফূরূপে বর্ণনা করেননি। মুহাম্মাদ ইবনে আবদুর রহমান হলেন আবু লায়লার পুত্র। তিনি নির্ভরযোগ্য রাবী, তবে তার স্মৃতিশক্তিতে কিছুটা দুর্বলতা ছিল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80229

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন